

সীমিত

খাতওয়ারী আগস্ট ২০১৯ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী আগস্ট ২০১৯ মাসে সর্বমোট ১৭৩ কোটি ৫৩ লক্ষ ০২ হাজার ৪০১ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** আগস্ট ২০১৯ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৫০ কোটি ৪৪ লক্ষ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্খিং হাউজার	৫০ মিটার	৩০,০০০/০০
২।	সোনা	৩৫০ গ্রাম	১৪,৭০,০০০/০০
৩।	বান্ধহেড	০১ টি	৯৫,০০,০০০/০০
৪।	ডিজেল	১,৮২০ টি	১,০৯,২০০/০০
৫।	শাড়ী	২৪,৪৯৫ পিস	২৪,৪৯,৫০,০০০/০০
৬।	লেহেঞ্জা	৩১ পিস	৭,৭৫,০০০/০০
৭।	ফ্রক	১১৯ পিস	২,৩৮,০০০/০০
৮।	প্লাজু	৭৬ পিস	৭৬,০০০/০০
৯।	ইউরিয়া সার	৫,৮০০ কেজি	১,১৬,০০০/০০
১০।	বোট	০২টি	৬০,০০০/০০
১১।	নগদ টাকা	-	৩৯,১০১/০০
১২।	জিংক স্লাব	০৬টি	-
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৫ টি	-
২।	তাজা গোলা	০৮ রাউন্ড	-
৩।	রামদা/শাবল/ হাতুড়ি/করাত	০৮টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	২,০২,৬৯,২০০ মিটার	৭০,৯৪,২২,০০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,০৩৬ পিস	৫,২০,০০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৫০,২৪,৪০০ মিটার	৪৫,০৬,১২,০০০/০০
৪।	রেনু পোনা	৭৬,৮৫,০০০ পিস	১,৫৩,৭০,০০০/০০
৫।	বোট	০৩টি	৩৪,৫০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৫,০৬,৩৩৯ পিস	২৩,৩১,৬৯,৫০০/০০
২।	দেশীয় মদ	১৯০ লিটার	৯৫,০০০/০০
৩।	মোবাইল	০১টি	৬,৬০০/০০
৪।	নগদ টাকা	-	২,০০০/০০
৫।	বোট	০১টি	৩,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	০৮ ঘনফুট	১২,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	তক্ষক	০১টি	১,০৫,০০,০০০/০০
২।	জীবিত চামড়া	০১টি	-
৩।	পলিথিন	১৩,৫০০ কেজি	৩০,০০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বন্দসূ/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৯ জন	-
		সর্বমোট	১৭৩,৫৩,০২,৪০১/০০

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে আগস্ট ২০১৯ মাসে সর্বমোট ১২৩ কোটি ০৮ লক্ষ ৫৪ হাজার টাকার ২,০২,৬৯,২০০ মিটার কারেন্ট জাল, ৫০,২৪,৪০০ মিটার অন্যান্য জাল, ১,০৩৬ পিস বেহন্দি/ মশারি জাল, ৭৬,৮৫,০০০ পিস রেনু পোনা ও ০৩ টি বোট আটক করা হয়।

সীমিত

৪। অবৈধ অনুপ্রবেশ রোধ। মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনায়ফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। আগস্ট ২০১৯ মাসে অত্র বাহিনী কর্তৃক অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকালে কোন ব্যক্তিকে আটক/ ফেরত পাঠানো হয়নি।

৫। ডাকাত বিরোধী বিশেষ অভিযান।

ক। গত ০২ আগস্ট ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস ভোলা কর্তৃক ভোলা জেলার কাচিয়া ইউনিয়নের মাঝের চর ৩নং প্রজেক্ট গুচ্ছগ্রাম এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ইব্রাহিম ডাকাতের বাড়ি থেকে ইব্রাহিম ডাকাতসহ ০১টি দেশীয় পিস্তল, ০২ রাউন্ডস তাজা গোলা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ডাকাত ও অস্ত্রাদি ভোলা সদর মডেল থানায় হস্তান্তর করা হয়েছে।

খ। গত ০৩ আগস্ট ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি আউটপোস্ট নলিয়ান কর্তৃক দাকোপ থানাধীন সুন্দরবনস্থ গুনারী খাল এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত এলাকা তল্লাশি করে খালের নিকটে বোপের মধ্যে পড়ে থাকা বস্তুর ভিতর থেকে ০১টি একনালা বন্দুক উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র দাকোপ থানায় হস্তান্তর করা হয়েছে।

গ। গত ০৪ আগস্ট ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি আউটপোস্ট শাহপুরী কর্তৃক টেকনায়ফ থানাধীন সাবরাং হাড়িয়াখাল মেরিন ড্রাইভ সংলগ্ন এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত এলাকা তল্লাশি করে ০১টি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র টেকনায়ফ থানায় হস্তান্তর করা হয়েছে।

ঘ। গত ১০ আগস্ট ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক আনোয়ারা থানাধীন ফকির হাট এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত এলাকা তল্লাশি করে ০১টি দেশীয় অস্ত্র ও ০২ রাউন্ডস তাজা গোলা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্রাদি আনোয়ারা থানায় হস্তান্তর করা হয়েছে।

ঙ। গত ২১ আগস্ট ২০১৯ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, কর্ণফুলী থানাধীন বাংলা বাজার ঘাটের ডায়মন্ড সিমেন্ট ফ্যাক্টরীর পাশে কিছু লোক চোরাই মালামাল নিয়ে বেচা-কেনার উদ্দেশ্যে অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক অভিযান পরিচালনা করা হয়। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় ০১ জন চোর, ০৬টি জিংক স্লাব, ০৫টি শাবল, ০১টি হাতুড়ি, ০১টি হ্যান্ডশসহ র়েড ও ০১টি বোট উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত চোর ও মালামাল কর্ণফুলী থানায় হস্তান্তর করা হয়।

চ। গত ৩১ আগস্ট ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশান মহেশখালী কর্তৃক কক্সবাজার থানাধীন নাজিরারটেক এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত এলাকা তল্লাশি করে ০২ জন ডাকাত, ০১টি দেশীয় অস্ত্র, ০৪ রাউন্ডস তাজা গোলা ও ০১টি রামদা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ডাকাত ও অস্ত্রাদি কক্সবাজার থানায় হস্তান্তর করা হয়েছে।